# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# কাস্টম হাউস, আইসিডি, কমলাপুর, ঢাকা
## টেন্ডার সেল নংঃ ০১/২০১৯

## টেন্ডার শিডিউল (দরপত্র ফরম ও ক্যাটালগ সংযুক্ত)

| **নিলাম সংক্রান্ত তথ্যের জন্য যোগাযোগঃ** | **নিলাম সংক্রান্ত তথ্যের জন্য যোগাযোগঃ** |
|---|---|
| সরকারী নিলামকারীঃ<br>খান ট্রেডিং কোং<br>প্রধান কার্যালয়, ৮৬ পূর্ব গোড়ান (টেম্পুষ্ট্যান্ড সংলগ্ন)<br>মোবাইলঃ ০১৭১১৩৪৭১২৪, ০১৭১৬৪২৫৫৩৪ | নিলাম শাখা ঃ কাস্টম হাউস, আইসিডি, কমলাপুর, ঢাকা।<br>ওয়েব সাইটঃ www.chicd.gov.bd |

## নিলামের সাধারণ নিয়মাবলী

০১। টেন্ডার ড্রপ/ফেলার পূর্বে সম্মানিত দরপত্রদাতাগণকে অবশ্যই নিলাম/টেন্ডারের মালামালের প্রস্তুতকৃত ক্যাটালগ এর মূল/ সম্পূরক/ সংশোধনী কপি আইসিডি এর নোটিশ বোর্ড হতে অথবা উপরোল্লিখিত সরকারী নিলামকারীর সাথে যোগাযোগের ঠিকানা হতে নিজ দায়িত্বে সংগ্রহ করে নিশ্চিত হতে হবে। নিলাম অনুষ্ঠানের বিজ্ঞাপণ অনুযায়ী নিলাম সময়সূচী ও অন্যান্য বিষয় প্রযোজ্য ও নির্ধারিত হবে। নিলাম শিডিউল ও বিজ্ঞাপণের সাথে এই দপ্তরের স্থায়ী আদেশের কোন বিষয় সাংঘর্ষিক হলে স্থায়ী আদেশ প্রাধান্য পাবে।

০২। যেকোন লটের মালামালের ক্ষেত্রে ক্যাটালগ এ বর্নিত শর্তসমূহ ভালভাবে দেখে অংশগ্রহণ করতে হবে। শর্ত পূরণের সকল দায়িত্ব দরদাতার উপর বর্তাবে। মালামাল গ্রহণের জন্য মনোনিত দরদাতা ক্যাটালগে বর্নিত সকল শর্ত আবশ্যিকভাবে পূরণ করবেন।শর্ত পূরনে ব্যর্থ হলে নিলাম কর্তৃপক্ষ প্রযোজ্য আইন, বিধি ও আদেশ অনুযায়ী বিষয়টি নিস্পত্তি করবেন।

০৩। দরপত্র ফরমের নির্দিষ্ট স্থানে যে লটের জন্য দরপত্র প্রদান করবেন তার লট নম্বর অবশ্যই লিখতে হবে। টেন্ডারের ইনভেলাপ এর উপর স্পষ্ট করে পণ্যের লট নম্বর লিখতে হবে।

০৪। দরপত্র প্রদানের ক্ষেত্রে প্রতি লটের জন্য ০১টি সিডিউল ব্যবহার করতে হবে। দুই বা ততোধিক লটের জন্য ১ টি সিডিউল ব্যবহার করা হলে কোটেশন বাতিল বলে গন্য হবে। অর্থাৎ যতগুলো লটের জন্য বিডার বিড করবেন তাকে ততগুলো সিডিউল ক্রয় এবং ব্যবহার করতে হবে।

০৫। টেন্ডার/কোটেশনের টাকার পরিমান দরপত্র ফরমের নির্দিষ্ট স্থানে অবশ্যই অংকে ও কথায় লিখতে হবে। কোন প্রকার শর্তমূলক, ছেঁড়া, ঘষা-মাজা বা অসম্পূর্ণ সিডিউল বিবেচনা করা হবে না। দরপত্রের সাথে দাখিলকৃত সিডিউল ও দরপত্রের নির্দিষ্ট স্থানে **টেন্ডার দাতার সীল ও স্বাক্ষর থাকতে হবে**। স্বাক্ষর বিহীন টেন্ডার বাতিল বলে গণ্য হবে। প্রতিটি টেন্ডার/সিডিউলের নির্ধারিত স্থানে দরদাতার নাম ঠিকানা এবং ফোন নম্বর প্রদান করতে হবে।

০৬। একটি দরপত্রের মাধ্যমে একাধিক লটের জন্য দরপত্র দাখিল করা হলে, তা বাতিল বলে গণ্য করা হবে।

০৭। টেন্ডার দাতাকে সিডিউলে উল্লেখিত লটের অনুকূলে প্রদত্ত কোটেশন মূল্যের/ দরমূল্যের ১০% হারে জামানত, সহকারী/ডেপুটি কমিশনার (নিলাম), কাস্টম হাউস, আইসিডি, কমলাপুর ঢাকা এর অনুকূলে জমা করতে হবে। এ জামানত যে কোন তফসিল ব্যাংক কর্তৃক ইস্যুকৃত পে-অর্ডার এর মাধ্যমে হতে হবে এবং টেন্ডারের সঙ্গে দাখিল করতে হবে। জামানত বিহীন টেন্ডার সরাসরি বাতিল বলে গণ্য হবে। প্রতিটি দরপত্র ফরমের নির্ধারিত স্থানে টেন্ডারের সঙ্গে প্রদেয় পে-অর্ডার এর নম্বর, তারিখ ও টাকার পরিমান অংকে ও কথায় উল্লেখ করতে হবে। পে-অর্ডার এর কোন ফটোকপি গ্রহন করা হবে না। পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ব্যতিত অন্য কোন ইনস্ট্রুমেন্ট যেমন-ব্যাংক এর চেক ইত্যাদি গ্রহনযোগ্য হবে না।

০৮। কমিটি কর্তৃক অনুমোদিত টেন্ডার/কোটেশন সমূহের তালিকা নিলাম শাখায় নোটিশ বোর্ড এ প্রকাশিত হওয়ার তারিখ হতে পরবর্তী ১৫(পনের) কার্য দিবসের মধ্যে মালামাল খালাস গ্রহণ করতে হবে। সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর বিক্রয় অনুমোদন প্রত্যাহার করা হবে।

০৯। অনির্বায কারণবশত নির্ধারিত তারিখে নিলাম অনুষ্ঠিত না হলে পরিবর্তিত সময়-সূচি কাস্টম হাউস (আইসিডি), কমলাপুর, ঢাকার নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তির মাধ্যমে অবহিত করা হবে। ।

১০। কাস্টম হাউস আইসিডি এর স্থায়ী আদেশ নং ০২ তারিখ ১৫.১০.২০১৪, জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নথি নং-৪(২৫) শুল্ক নিঃ ও বকেয়া /৯৩/১৩৩ তারিখ ঃ ২৭/০৪/২০০৫ ইং এর আদেশ এবং নিলাম সংক্রান্ত অন্যান্য প্রযোজ্য আইন, বিধি ও আদেশ আলোকে নিলাম কার্যক্রম পরিচালনা করা হবে।

১১। কোন লটের সর্বোচ্চ বিড মূল্যের তালিকা নিলাম শাখার নোটিশ বোর্ডে টাঙ্গানোর পরবর্তী ০২ (দুই) কার্যদিবসের মধ্যে নূন্যতম ২০% (বিশ) শতাংশের অধিক মূল্যে পণ্য ক্রয়ের প্রস্তাব যে কোন ব্যক্তি/প্রতিষ্ঠান "অফার" আকারে এসি/ডিসি এর নিকট লিখিতভাবে পেশ করতে পারবে। এই ক্ষেত্রে তাকে প্রস্তাবিত অফার মূল্যের সঙ্গে তার ১০% (দশ) জামানত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে প্রদান করতে হবে। বর্ণিত "অফার" প্রস্তাবের সঙ্গে আনুপাতিক হারে জামানত প্রদান করা না হলে এইরূপ প্রস্তাব গ্রহণযোগ্য হবে না। বর্ণিত মূল্যের "অফার" পাওয়া গেলে এই রূপ "অফার" মূল্যে সর্বোচ্চ ডাককারী সংশ্লিষ্ট লটটি ক্রয় করতে ইচ্ছুক কিনা নিলাম শাখার নোটিশ বোর্ডে প্রকাশের মাধ্যমে জানানো হবে। নোটিশ জারীর পরবর্তী ০১ (এক) কার্য দিবসের মধ্যে সর্বোচ্চ ডাককারী লিখিতভাবে তার বক্তব্য এসি/ডিসি-কে জানাবেন এবং যদি উহা "অফার" মূল্যে ক্রয় করতে ইচ্ছুক না হন কোন রূপ সাড়া না দিলে "অফার" প্রদানকারী অনুকূলে "অফার" মূল্যে পণ্য প্রদান করা হবে।

১২। বিক্রয় অনুমোদন প্রাপ্ত সর্বোচ্চ টেন্ডার/কোটেশন দাতা পণ্য খালসের সময় সর্বোচ্চ মূল্যের ০৫% (পাঁচ) শতাংশ হারে আয়কর এবং ০৫% (চার) শতাংশ ভ্যাট সহ আলাদাভাবে প্রাদন করতে হবে অথবা বিধি অনুযায়ী আয়কর, মূসক ও অন্যান্য কর যদি থাকে তা পরিশোধ করতে হবে।

১৩। বিক্রয় অনুমোদন প্রাপ্ত টেন্ডার দাতা নিজ দায়িত্বে মালামাল ডেলিভারী গ্রহণ করবে। ডেলিভারী প্রদানের পর নিলাম কর্তৃপক্ষ কর্তৃক ডেলিভারীকৃত

১৪। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস (আইসিডি), কমলাপুর, ঢাকা সিডিউলে অন্তর্ভূক্ত যে কোন মালামাল যে কোন সময় সিডিউল থেকে প্রত্যাহার করতে পারবে। এইরূপ প্রত্যাহারের জন্য আনুপাতিক হারে তার মূল্য ফেরতযোগ্য হবে।

১৫। টেন্ডার কার্যক্রমে বিঘ্ন সৃষ্টি হতে পারে এইরূপ কোন প্রকার মন্তব্য, মর্যাদা হানিকর উক্তি, বা অসদাচরণ এর দায়ে অভিযুক্ত ব্যক্তিকে কর্তৃপক্ষ বহিস্কার/টেন্ডার বাতিল করার এবং ভবিষ্যতে টেন্ডার অংশগ্রহণ হতে বিরত রাখার অথবা আইন সম্মত অন্য কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৬। ওজন ভিত্তিক পণ্য খালাসযোগ্য হলে "যেখানে যে অবস্থায়/পরিমাণ/ওজনে সংখ্যায় আছে" সেই ভিত্তিতে ডেলিভারী নিতে হবে।

১৭। কোন লটের বিপরীতে সঠিক প্রাপ্ত সর্বোচ্চ কোটেশন একাধিক পাওয়া গেলে এই রূপে সর্বোচ্চ কোটেশন দাতাগণের উপস্থিতিতে লটারীর মাধ্যমে একজন সর্বোচ্চ টেন্ডার/কোটেশন দাতাকে নির্ধারিত করে তার অনুকূলে বিক্রয় প্রদান করা হবে।

১৮। টেন্ডারে বিক্রিত মালামাল কমিশনার, কাস্টম হাউস (আইসিডি), কমলাপুর, ঢাকা অনুমোদন করেছেন কিনা তা দরপত্রদাতাগণ নিজ দায়িত্বে নিলাম শাখার নোটিশ বোর্ডে জারীকৃত বিজ্ঞপ্তি হতে জানতে হবে।

১৯। সরাসরি ক্রয়ের ক্ষেত্রে নিলামকারীর স্বাক্ষর বিহীন শিডিউল এবং ওয়েবসাইট হতে ক্রয়ের ক্ষেত্রে ৩০০ টাকার পে অর্ডার বিহীন শিডিউল সরাসরি বাতিল বলে গণ্য হবে।

২০। অনুমোদিত পণ্যের টাকা জমা দেওয়ার পূর্বে দরপত্র দাতাগণ সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট হতে উক্ত পণ্যের কোনরূপ জটিলতা আছে কিনা তা অবগত পূর্বক টাকা জমা দিতে হবে।

২১। কমিশনার,কাস্টম হাউস (আইসিডি), কমলাপুর, ঢাকা যে কোন লটের বিপরীতে প্রদত্ত সর্বোচ্চ দরপত্র/কোটেশন গ্রহণে বাধ্য নহেন এবং কোনরূপ কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন দরপত্র/কোটেশন গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২২। উল্লেখ্য, টেন্ডার অফার প্রদান টেন্ডার দাতার নাম ও তার কর্তৃক প্রদত্ত জামানত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট একই ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম না থাকলে সে সমস্ত টেন্ডার/অফার গ্রহণযোগ্য হবে না।

২৩। তেজস্ক্রীয়তা / বিএসটিআই/ অন্যান্য রাসায়নিক পরীক্ষার ক্ষেত্রে বিডার নিজ উদ্যোগে এবং নিজ খরচে পরীক্ষণ কার্যক্রম সম্পন্ন করবেন এবং পরীক্ষার রিপোর্ট সংগ্রহ করে অত্র দপ্তরে দাখিল করে যথাযথ প্রপ্তি সাপেক্ষে পণ্য খালাস করবেন। প্রতিটি ক্যাটালগভূক্ত পণ্যের বিপরীতে আমদানি নীতি আদেশে উল্লেখিত শর্ত, রীট মামলা যাচাই ও অন্যান্য শর্তাদি (স্থায়ী আদেশ নং ০২, তারিখ : ১৫.১০.২০১৪ খ্রিঃ এবং এর সংশোধনী মোতাবেক) প্রতিপালিত হবে।

২৪। নিলামে অংশগ্রহনের পূর্বে নিলাম পণ্য পরিদর্শনের জন্য নির্ধারিত তারিখ ও স্থানে ( আইসিডি কাস্টম হাউস এর কন্টেইনার ইয়ার্ড ও গুদাম ) উপস্থিত হয়ে বিডার কর্তৃক পণ্যের বর্ণনা, পরিমান, গুনগত মান ইত্যাদি সম্পর্কে নিশ্চিত হয়ে দরপত্র দাখিলের জন্য বিশেষভাবে বলা হলো। নিলাম পরবর্তীতে বিডার পণ্য দেখতে পারেনি বা গুনগত মান নিশ্চিত হতে পারেনি এই কারণে জামানতের পে-অর্ডার ফেরতের আবেদন গ্রহণ করা হবে না।

২৫। বর্ণিত শর্তাবলী অনুযায়ী নিলামে অংশগ্রহনে সম্মত হলে দরপত্র দাতাগণ শিডিউলের শর্তাবলীর নিম্নে স্বাক্ষর করবেন। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।

২৬। খামের মুখ অবশ্যই সীল গালাযুক্ত অথবা গাম/আঠা দ্বারা সাটানো থাকবে।

২৭। গাড়ীর পুরাতন ব্যবহৃত যন্ত্রাংশ দরপত্রের ক্ষেত্রে স্বীকৃত রিপেয়ারিং ও সার্ভিসিং হিসেবে মূসক নিবন্ধন, টিআইএন ও ট্রেড লাইসেন্স থাকতে হবে এতদসংশ্লিষ্ট কাগজপত্র ও দলিলাদি দরপত্রের সাথে দাখিল করিতে হইবে। ক্যাটালগে বর্ণিত অন্যান্য শর্তাবলী পালন করতে হবে।

**নিলাম শিডিউল এবং ক্যাটালগ ক্রয়**

২৮। আগামী ১৬/০১/২০১৯ হতে ২২/০১/২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে ক্যাটালগ ২০০/- (দুইশত) টাকা (অফেরতযোগ্য) ও দরপত্রের সিডিউল ১০০/- (একশত) টাকা (অফেরতযোগ্য) মূল্য পরিশোধ পূর্বক ১) কাস্টম হাউস, আইসিডি, কমলাপুর, ঢাকা; ২) কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ) এর কার্যালয়, আই.ডি.ই.বি ভবন ঢাকা; ৩)কাস্টম হাউস, ঢাকা; ৪) কাস্টম হাউস, চট্টগ্রাম ৫) কাস্টম হাউস, পানগাঁও হতে সংগ্রহ করা যাবে। নিলামকারীর অফিস হতে ক্যাটালগ ও সিডিউল ১৬/০১/২০১৯ হতে ২২/০১/২০১৯খ্রিঃ তারিখ পর্যন্ত সংগ্রহ করা যাবে। এছাড়া ক্যাটালগ ও সিডিউল এর কপি কাস্টম হাউস, আইসিডি এর ওয়েব সাইট (www.chicd.gov.bd) থেকে১৬/০১/২০১৯ হতে ২২/০১/২০১৯তারিখ পর্যন্ত সংগ্রহ করা যাবে। ওয়েবসাইট হতে ক্যাটালগ ও দরপত্রের সিডিউল ডাউনলোড এর ক্ষেত্রে ৩০০ টাকার একটি পে অর্ডার (খান ট্রেডিং কোং, এর অনুকূলে ইস্যূকৃত) দরপত্রের সাথে দাখিল করতে হবে।

**পণ্য পরিদর্শন:**

২৯। ক্যাটালগে বর্ণিত যে সকল পণ্য লটভূক্ত করা হয়েছে ঐ সকল পণ্য ২০/০১/২০১৯ হতে ২১/০১/২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত সরকারী নিলামকারী /কাস্টম হাউস, আইসিডি এর নিলাম শাখায় যোগাযোগের মাধ্যমে পরিদর্শন করা যাবে।

**দরপত্র দাখিল ও খোলার সময় ঃ**

৩০। সীলগালাকৃত দরপত্র আগামী ২৩/০১/২০১৯ খ্রি: তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে বেলা ০২.০০ ঘটিকা পর্যন্ত ১) কাস্টম হাউস আইসিডি কমলাপুর ঢাকা; ২) কাস্টম হাউস, ঢাকা; ৩) কাস্টম হাউস, পানগাঁও, ঢাকা; ৪) কাস্টম হাউস, চট্টগ্রাম; ৫) কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ) ঢাকা এর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করা যাবে এবং পরের কার্যদিবসে অর্থাৎ ২৪/০১/২০১৯ তারিখ বেলা ১১.০০ ঘটিকার সময় আগ্রহী দরদাতাগণের উপস্থিতিতে কাস্টম হাউস আইসিডি এর সম্মেলন কক্ষে (যদি কেই উপস্থিত থাকেন) দরপত্র/বাক্স উন্মুক্ত করা হবে।

---------------------- ---------------------------- ---------------------

সরকারী নিলামকারী খান রাজস্ব কর্মকর্তা (নিলাম শাখা)

কাস্টম হাউস আইসিডি কমলাপুর, ঢাকা এর অখালাসকৃত নিলামযোগ্য মালামালের ক্যাটালগ (মূল্য ২০০/- টাকা অফেরতযোগ্য)
নিলাম সেল নং ০১/২০১৯, নিলাম অনুষ্ঠানের তারিখঃ ২৩/০১/২০১৯।

| ক্যাটালগ ক্রমিক নং | লট নং | কন্টেইনার নং / GR Reg. no | | বিএল / ইনভয়েস/ প্যাকিং লিস্ট/ ইনভেন্ট্রী রিপোর্ট / কায়িক পরীক্ষা অনুযায়ী পণ্যের বর্ননা | | পণ্যের পরিমান | ওজন | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| 01 | ০৫/১৮ | TTNU1680127 x20' | 1 | Mens Sandal,<br>Size: 39-46<br>Brand: PARAGON<br>C/O: INDIA | | 82 CTN X 30 PAIR =2460 PAIR | | |
| | | | 2 | Ladies Sandal,<br>Size: 39-46<br>Brand: PARAGON<br>C/O: INDIA | | 8 CTN X48 PAIR =384PAIR | | |
| | | | 3 | Ladies Sandal,<br>Size: 39-46<br>Brand: PARAGON<br>C/O: INDIA | | 75 CTN X 30 PAIR = 2250 PAIR | | |
| | | | 4 | Mens Sandal,<br>Size: 39-46<br>Brand: PARAGON<br>C/O: INDIA | | 25 CTN X 30 PAIR = 600 PAIR | | |
| 02 | ১২/১৮ | YMLU-8822419 x40 | 1 | Revolving Chair | | 235 Pcs | 4048 kg | |
| | | | 2 | Chair (Plastic+Metal) | | 08 Pcs | 65kg | |
| 03 | ১৩/১৮ | BSIU9709102/40<br>DFSU6488133/40<br>FCIU8954068/40 | 1 | BABY DIAPERS<br>M: M40N<br>Mnf. dt. 02/05/17<br>Exp. dt Used before 3 years | | 687 ctn | 3915 kg | |
| | | | 2 | WOMEN SANITARY NAPKINS<br>Mnf. dt. 15/06/17<br>Exp. dt Used before 3 years | | 3300 ctn | 13,728 kg | |
| | | EMCU3688933/20 | 3 | Beauty Cream (47.5 KG)<br>BR: Face fresh<br>c/o Pakistan<br>Exp. dt :29/03/2020 | | 5 ctn | 47.5 kg | |
| 04 | ০১/১৯ | PONU2085379X20 | | Wheel Chair<br>Brand: | | | | |
| | | | a) | 1)Miki | C/O : Japan | 25 pcs x 13.63 kg | 340.75 kg | |
| | | | | 2) Katayama | C/O : Not found | 9 pcs x 9 kg | 81 kg | |
| | | | | 3) Ottobock | | 2 pcs x 18 kg | 36 kg | |
| | | | | 4) Nissin | | 8 pcs x 11.48 kg | 91.84 kg | |
| | | | | 5) Matsunga | | 8 pcs x 16 kg | 128 kg | |
| | | | | 6)Kawamuka | | 5 pcs x 19.5 kg | 97.5 kg | |
| | | | | 7) Ex-m3 | | 1 pcs x 14 kg | 14 kg | |
| | | PONU-0555827x20 | b) | 8) Miki | | 41 pcs x 15.16 kg | 621.56 kg | |
| | | | | 9) Katayama | | 11 pcs x 9.45 kg | 103.95 kg | |
| | | | | 10) Nissin | | 4 pcs x 15 kg | 60 kg | |
| | | | | 11) Matsunga | | 3 pcs x 21.50 kg | 64.50 kg | |
| | | | | 12) Kawamuka | | 2 pcs x 17 kg | 34 kg | |
| | | | | 13) Nextcore | | 1 pcs x 14 kg | 14 kg | |
| | | | | Total | | 120 pcs | 1,687.1 kg | |

| ক্যাটালগ ক্রমিক নং | লট নং | কন্টেইনার নং / GR Reg. no | বিএল / ইনভয়েস/ প্যাকিং লিস্ট/ ইনভেন্ট্রী রিপোর্ট / কায়িক পরীক্ষা অনুযায়ী পণ্যের বর্ননা | পণ্যের পরিমান | ওজন | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| 05 | ০২/১৯ | PONU0555827X20 | a) Cooler Bag<br>C/O:China | ( 420 pcs x 10ctn) = 4200 pcs | 495.60 kg | |
| 06 | ০৩/১৯ | PONU2085379X20 | a)Face Mask<br>( Hydrogel Mask)<br>C/O:Korea | (30 gm x 216 pcs x 192 ctn) | 1244.16 kg | নিলাম সম্পন্ন হওয়ার পর নিলামক্রেতা নিজ দায়িত্বে ও নিজ খরচেBSTI হতে পণ্যের গুনগতমান ও মেয়াদ পরীক্ষা করে সনদপত্র এ দপ্তরে দাখিল করবেন। গুনগতমান ও মেয়াদ সঠিক থাকলে পণ্য ডেলিভারি প্রদান করা হবে অন্যথায় কার্যাদেশ বাতিল করা হবে। |
| 07 | ০৪/১৯ | TCKU9521530X40<br>MAEU8349104X40<br>MSKU9038471X40 | 1. Used Second Hand Petrol Engine<br>CC: Not Seen<br>C/O- Japan | 136pcsX100kg | 13,600 kg | আমদানি নীতি আদেশ ২০১৫-১৮ মোতাবেক নিলাম ক্রেতাকে নিম্ন বর্ণিত শর্ত সমূহ পূরন করতে হবে:<br>১। বিনিয়োগ বোর্ড বা বাংলাদেশ ক্ষুদ্র ও কুঠির শিল্প কর্পোরেশন বা সংশ্লিষ্ট অটোমোবাইল ও গাড়ি রিপায়ারি ও সার্ভেসিং এসোসিয়েশন বা রেজিস্টার জয়েনস্টক কোম্পানী এবং ফার্ম সমূহের পরিদপ্তর কর্তৃক নিবন্ধিত স্বীকৃত রিপেয়ারিং ও সার্ভিসিং প্রতিষ্ঠান বর্ণিত যন্ত্রাংশের জন্য দরপত্র ক্রয় করতে পারবে।<br>২। ব্যবহৃত মটরযানের যন্ত্রাংশ বাণিজ্যিকভাবে বিক্রি করা যাবে না।<br>৩। উল্লেখিত ইঞ্জিন এর ক্ষেত্রে ০৭(সাত) বছরের অর্থনৈতিক আয়ুস্কাল রয়েছে এবং যন্ত্রাংশ এর ক্ষেত্রে ০২ (দুই) বছরের অর্থনৈতিক আয়ুস্কাল রয়েছে এবং গুনগতমান সম্পর্কে জাতীয় রাজস্ব বোর্ড স্বীকৃতআন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন সার্ভেয়ার কর্তৃক পণ্য সমূহ নিজ খরচে যাচাই করে সনদপত্র দাখিল করতে হবে। অর্থনৈতিক আয়ুস্কাল ও গুনগতমান সঠিক থাকলে পণ্য ডেলিভারি প্রদান করা হবে অন্যথায় কার্যাদেশ বাতিল করা হবে।<br>৪। বিক্রিত বা সংযোজিত যন্ত্রাংশের জন্য বিক্রেতা বা সংযোজনকারীকে কমপক্ষে ২ বছরের লিখিত গ্যারান্টি প্রদান করতে হবে।<br>৫। রিপেয়ারিং ও সার্ভেসিং প্রতিষ্ঠানকে অটোমোবাইল এন্ড রিপেয়ারিং সংশ্লিষ্ট এসোসিয়েশন এর সদস্য হতে হবে।<br>৬। সংশ্লিষ্ট ব্যবহৃত যন্ত্রাংশ বিক্রয়ের সঠিক রেজিস্ট্রার সংরক্ষণ করতে হবে এবং প্রতি ৩ মাস অন্তর বিক্রয়ের প্রতিবেদন সিসিআইএন্ডই এর নিকট দাখিল করতে হবে।<br>৭। উল্লেখিত যন্ত্রাংশের ব্যবহার সম্পর্কে সিসিআইএন্ডই নিয়মিত মনিটরিং করবে।<br>৮। স্বীকৃত রিপেয়ারিং এন্ড সার্ভিসিং প্রতিষ্ঠান হিসাবে মূসক নিবন্ধন ও টিআইএন থাকতে হবে এবং সংশ্লিষ্ট কাগজপত্র ও দলিলাদি এ দপ্তরে দাখিল করতে হবে।<br>এ সকল শর্ত সমূহ পালন করতে পারলে পণ্য ডেলিভারী প্রদান করা হবে। |
| | | | 2.Used Parts Of Motor Vehicles<br>C/O- Japan<br>(a).Used Differential Assembly<br>(b).Used Suspension Sock Absorber Assembly<br>(c).Used Door Assembly<br>(d).Used Nose Cut<br>(e).Used Bonnet Assembly<br>(f).Used Bumper Assembly<br>(g).Used Steering Wheel<br>(h).Used Front & Back Light<br>(i).Used Air Clean Box<br>(j).Used Door Mirror. | | 62,720 kg | |

| ক্যাটালগ ক্রমিক নং | লট নং | কন্টেইনার নং / GR Reg. no | | বিএল / ইনভয়েস/ প্যাকিং লিস্ট/ ইনভেন্ট্রী রিপোর্ট / কায়িক পরীক্ষা অনুযায়ী পণ্যের বর্ননা | পণ্যের পরিমান | ওজন | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| 08 | ০৫/১৯ | PCIU8433861X40<br>PCIU8934499X40<br>PCIU8847028X40 | 1 | Sanitary Pad<br>(Brand:Hi Lady)<br>C/O:China<br>Size:<br>(280mm/245mm/155mm)<br>Expired date:<br>06/12/2019 | 3,700 ctn<br>(1ctn=24 pack ) | 6,882 kg | |
| | | | 2 | Sanitary Pad<br>(Brand:Hi Lady)<br>Size:<br>(320mm/280mm/245mm/155 mm)<br>Expired date:<br>13/01/2020 | 7,370 ctn<br>(1ctn=24 pack ) | 14,856 kg | |
| | | | | **Total=** | **11,070 ctn** | **21,738 kg** | |
| 9 | ০৬/১৯ | TRLU7003903X40 | | Tyre<br>(Brand:Sportrak)<br>C/O:China | | | |
| | | | | Size: 175/70R13 | 549 pcsx 7.75 kg | 4254.7 kg | |
| | | | | Size: 185/70R14 | 500 pcsx 9.02 kg | 4510 kg | |
| | | | | Size: 195/65R15 | 200 pcs x 9.23 kg | 1846 kg | |
| | | | | Size: 215/45ZR17 | 6 pcs x 9.73 kg | 58.38 kg | |
| | | | | Size: 215/50R20 | 6 pcs x 16.4 kg | 98.4 kg | |
| | | | | **Total** | **1261 pcs** | **10767.5kg** | |
| 10 | ০৭/১৯ | PCIU8351444X40<br>PONU0459551X20 | 1 | Office Desk<br>C/O:China | | | |
| | | | | Item no -AHZ1601(2-1) | 23 pcs x 35 kg | 805 kg | |
| | | | | Item no -AHZ1601(2-2) | 23 pcs x 52 kg | 1196 kg | 4 pcs =208kg wastage |
| | | | | Item no -AHZ1801(2-1) | 24 pcs x 37 kg | 888 kg | |
| | | | | Item no -AHZ1801(2-2) | 24 pcs x37 kg | 888 kg | 4 pcs =148 kg wastage |
| | | | | Item no -AHSF1401(1-1) | 23 pcs x61 kg | 1403 kg | |
| | | | | **Total** | **117 pcs** | **5,180 kg** | **352 kg wastage** |
| | | | 2 | Office Cabinet<br>C/O:China | | | |
| | | | | Item no –AHG80(1-1) | 20 pcs x75 kg | 1425kg | 1 pcs =75 kg wastage |
| | | | | Item no -AHG120(2-1) | 24 pcs x 50 kg | 1200 kg | |
| | | | | Item no - AHG120(2-2) | 19 pcs x 49 kg | 931 kg | |
| | | | | Item no - AHG2250(3-1) | 24 pcs x42 kg | 1008 kg | |
| | | | | Item no - AHG2250(3-2) | 23 pcs x58 kg | 1334 kg | |
| | | | | Item no -AHG2250(3-3) | 12 pcs x78 kg | 936 kg | |
| | | | | **Total** | **122 pcs** | **6,834 kg** | **75 kg wastage** |
| | | | **3** | **Office Sofa**<br>**C/O:China** | | | |
| | | | | Item no -AHSF02A(3-1) | 7 pcs x 41 kg | 287 kg | |
| | | | | Item no -AHSF02A(3-2) | 11 pcs x 31 kg | 341 kg | 2 pcs =62 kg wastage |
| | | | | Item no -AHSF02A(3-3) | 3 pcs x 30 kg | 90 kg | |
| | | | | Item no -AHSF02B(3-1) | 7 pcs x 71 kg | 497 kg | |
| | | | | Item no -AHSF02B(3-3) | 14 pcs x 34 kg | 476 kg | |
| | | | | **Total** | **42 pcs** | **1,688 kg** | **62 kg wastage** |
| | | | 4 | Tea Table<br>C/O:China | | | |
| | | | | Item no –AHT05(1-1) | 14 pcs x 69 kg | 966 kg | 3 pcs =207 kg wastage |
| | | | | Item no –AHT06(1-1) | 1 pcs x69 kg | 69 kg | |
| | | | | **Total** | **15 pcs** | **1035 kg** | **207 kg wastage** |
| | | | | **Grand Total** | **296 pcs** | **14,815 kg** | **14pcs =** |

| ক্যাটালগ ক্রমিক নং | লট নং | কন্টেইনার নং / GR Reg. no | বিএল / ইনভয়েস/ প্যাকিং লিস্ট/ ইনভেন্ট্রী রিপোর্ট / কায়িক পরীক্ষা অনুযায়ী পণ্যের বর্ননা | পণ্যের পরিমান | ওজন | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | PARTS OF CHAIR<br>a) Chair stand (metal) | 5 pcs x 200 packet x 1.32 kg | 1320 kg | |
| | | | b) Back side (45 x 36.6 x 45 cm)<br>1 carton=10 pcs | ( 50 ctn x 11.72 kg) | 586 kg | |
| | | | c) Back side (55 x 45 x 27 cm)<br>1 carton=10 pcs | (100 ctn x 8.42 kg ) | 842 kg | |
| | | | d) Armset (48 x 30 x 33.5 cm)<br>1 carton=16 pcs | ( 61 ctn x 14 kg) | 854 kg | |
| | | | e) Armset (60 x 35 x 29 cm)<br>1 carton=20 pcs | (48 ctn x 13 kg) | 624 kg | |
| | | | **Total** | | **4226 kg** | |
| 11 | ০৮/১৯ | OOLU-1326046x20 | Ceramic Wall Tiles<br>C/O: China<br>Size: 300x600mm | Total Unit: 9144 pcs<br>Total SQM: 1645.92sqm | 28500 kg | নিলাম সম্পন্ন হওয়ার পর নিলামক্রেতা নিজ দায়িত্বেও নিজ খরচে BSTI হতে পণ্যের গুনগতমান পরীক্ষা করে সনদপত্র এ দপ্তরে দাখিল করবে। গুনগতমান সঠিক থাকলে পণ্য ডেলিভারি প্রদান করা হবে অন্যথায় কার্যাদেশ বাতিল করা হবে। |
| 12 | ০৯/১৯ | PCIU-2045513x20<br>PCIU-1044359X20 | Dark Blue Float Sheet Glass<br>Size: 322.8cmX213.4cm<br>Thickness: 5mm<br>C/O: China | Total crate: 20<br>Sheets per crate: 30<br>Total Sheets: 600<br>4133.12 m2 | | |
| 13 | ১০/১৯ | TCNU5549935X40 | Florescent Lamp Parts<br>(Tube without head )<br>C/O:India<br>Size: 36 W | ( 2585 ctn x 25 pcs)<br>=64,625 pcs | 9693.75kg | |
| 14 | ১১/১৯ | FSCU6681560X40<br>HLXU8545307X40 | TV PARTS<br>(Brand:Not Found)<br>C/O:China | | | |
| | | | Size: 21 inch((Back part+ Front part+Remote+ two speaker ) ) | 750 pcs | 2475 kg | |
| | | | Size: 14 inch((Back part+ Front part+Remote+ two speaker ) | 1344 pcs | 2607.36 kg | |
| | | | **Total** | **2094** | **5082 kg** | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস আইসিডি,
কমলাপুর, ঢাকা।
**www.chicd.gov.bd**

# টেন্ডার দাখিল ফরম (দরপত্র)
# টেন্ডার সেল ০১/২০১৯
## নিলামের অনুষ্ঠানের তারিখ ঃ ২৩/০১/২০১৯ ইং

অনলাইন ব্যতীত সরাসরি ক্রয়ের ক্ষেত্রে (নিলামকারী কর্তৃক পূরণীয়)ঃ

বিক্রয় ক্রমিক নং......................বিক্রয়ের স্থানঃ ......................বিক্রয় কারীর স্বাক্ষর........................

অনলাইন বা ওয়েবসাইট হতে সংগ্রহের ক্ষেত্রে (দরদাতা কর্তৃক পূরণীয়)ঃ
খান ট্রেডিং কোং, এর অনুকূলে ইস্যুকৃত ৩০০ টাকার পে অর্ডারের ক্রমিক নং................................

তারিখ......................ব্যাংক এর নাম .....................................শাখার নাম.....................

**শিডিউলে উল্লেখিত নিয়ম অনুযায়ী নিম্নে চাহিত তথ্য সঠিকভাবে পূরণ করতে হবেঃ**

| লট নং | দরমূল্য (অংকে) | দরমূল্য (কথায়) |
|---|---|---|
| | | |

| | | |
|---|---|---|
| টেন্ডার দাতার পূর্ণ নাম | ঃ | |
| ঠিকানা | ঃ | |
| মোবাইল/ টেলিফোন নম্বর | ঃ | |
| জাতীয় পরিচয়পত্র নং/স্মার্ট কার্ড নং | ঃ | |
| ট্রেড লাইসেন্স নং | ঃ | |
| মূসক নিবন্ধন নং | ঃ | |
| টিআইএন নং | ঃ | |
| পে-অর্ডার/ড্রাফট নং | ঃ | |
| ব্যাংক ও শাখার নাম | ঃ | |
| পে-অর্ডার/ড্রাফট এর টাকার পরিমাণ(দরমূল্যের ১০%) (অংকে) | ঃ | |
| পে-অর্ডার/ড্রাফট এর টাকার পরিমাণ(দরমূল্যের ১০%) (কথায়) | ঃ | |
| | ঃ | |
| | | |
| | | |

দরপত্রের সিডিউল এর সাথে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত নিম্ন বর্ণিত দলিলাদি দাখিল করতে হবেঃ

ক) নিলাম ক্রেতা হিসাবে মুসক নিবন্ধন সদনপত্র/নতুন মূসক নিবন্ধন সদনপত্র এর সত্যায়িত ছায়ালিপি
খ) হালনাগাদ ট্রেড লাইসেন্সএর সত্যায়িত ছায়ালিপি
গ) টি আইএন সার্টিফিকেটএর সত্যায়িত ছায়ালিপি
ঘ) জাতীয় পরিচয়পত্রের/স্মার্টকার্ড এর সত্যায়িত ছায়ালিপি
ঙ) দরপত্রে (সিডিউল) উল্লিখিত ডাক মূল্যের উপর ১০% হারে জামানত হিসাবে যেকোন তফসিলি ব্যাংক কর্তৃক (বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত) সহকারী/ডেপুটি কমিশনার (নিলাম) কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা বরাবর ইস্যুকৃত পে-অর্ডার।
চ) ওয়েবসাইট হতে ক্যাটালগ ও দরপত্রের সিডিউল ডাউনলোড এর ক্ষেত্রে যেকোনতফসিলি ব্যাংক কর্তৃক (বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত) ৩০০ (তিনশত) টাকার একটি পে-অর্ডার খান ট্রেডিং কোং, এর অনুকূলে ইস্যুকৃত।
ছ) ক্যাটালগে বর্নিত অথবা অন্যান্য প্রযোজ্য দলিলাদি

দরদাতার পূর্ণ স্বাক্ষর-----------------------------------------তারিখঃ------------------------------------------

সীল-----------------------------------------------------

**অফিস কর্তৃক পুরণীয়:** অদ্য ---------------------তারিখে সীলগালাকৃত দরপত্র বক্স/সীলগালাকৃত খাম খুলে দরপত্র উন্মুক্ত করা হলো। দরপত্র ক্রমিক নং----------------------

রাজস্ব কর্মকর্তা, নিলাম (দরপত্র ওপেনিং কমিটির সদস্য এর স্বাক্ষর) ঃ----------------------- তারিখ----------

সীল